

বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা এর
“নৈতিকতা কমিটি”র সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় গঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ৪র্থ প্রান্তিকের সভা মহাব্যবস্থাপক মহোদয় জনাব মীর মোফাজ্জল হোসেন এর সভাপতিত্বে ২৭.০৬.২০২১ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন :-


- (ক) জনাব মোহাম্মদ মাইনুল ইসলাম খান, উপ-মহাব্যবস্থাপক, সাধারণ ব্যাংকিং ও প্রশাসন এবং বৈদেশিক বাণিজ্য শাখা, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সদস্য।
- (খ) জনাব রৌউফুর রাহিম, উপ-মহাব্যবস্থাপক, ঋণ শাখা, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সদস্য।
- (গ) জনাব মোঃ তুহীন ইকরাম, সহকারী মহাব্যবস্থাপক, বৈদেশিক বাণিজ্য শাখা, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
- (ঘ) জনাব শিমুল চন্দ্র ভদ্র, উর্ধ্বতন কর্মকর্তা, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও উপস্থাপনকারী কর্মকর্তা।

০২। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের বাস্তব সফলতা অর্জনে শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞান হলো সফলতার/উন্নয়নের অন্যতম শর্ত। তবে এর নেতিবাচক প্রয়োগ কখনোই কল্যাণ বয়ে আনতে পারে না। তাই, দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। বর্তমানে ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়নের সমরোপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় সকলে একমত পোষণ করেন। স্থানীয় মুখ্য কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সততা, নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-


- ক) ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী কর্মপরিসরে শুদ্ধাচার চর্চা করবেন; পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে যথাসময়ে সম্পন্ন করবেন।
- খ) সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে সকলকে পরিপালনে সচেতন হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য যে কোন বিষয়ে অনিয়ম দূরীকরণার্থে যথাযথ ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।
- গ) দর্শনীয় স্থানে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে এবং তা স্থাপন করা হয়েছে মর্মে সাধারণ-ব্যাংকিং ও প্রশাসন শাখার উপ-মহাব্যবস্থাপক উল্লেখ করেন।
- ঘ) খেলাপী ঋণ সংস্কৃতি থেকে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপী ঋণ আদায়ে ঋণ ও বৈদেশিক বাণিজ্য সেকশন বিশেষ কর্মসূচী গ্রহণ করবে। বিআরপিডি-৫ এর অধীন ঋণ সমূহের কিস্তি আদায়ের জন্য নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে। করোনা প্রনোদনা প্যাকেজ শতভাগ বাস্তবায়নে সচেতন থাকতে হবে।
- ঙ) ব্যাংকের কর্মপরিবেশ সুশৃঙ্খল রাখতে কর্মকর্তা/কর্মচারী যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হবেন, COVID-19 মোকাবেলায় WHO প্রণীত স্বাস্থ্য বিধি মেনে অফিসে আসবেন এবং নিজ দায়িত্ব যথাযথভাবে সম্পন্ন করবেন।
- চ) সংশ্লিষ্ট সকলে সততার সাথে মানি লভারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করবেন। অবিলম্বে মানি লভারিং রোধে বিভিন্ন বিধি বিধান সম্পর্কে অবহিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করতে হবে এবং প্রতি ত্রৈমাসিকে উক্ত সভা অনুষ্ঠিত হয় বলে সাধারণ ব্যাংকিং ও প্রশাসন শাখার উপ-মহাব্যবস্থাপক উল্লেখ করেন।
- ছ) BKB Code of conduct ও বিকেবি কর্মচারী আচরণ বিধি বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীকে সदा সচেতন থাকতে হবে।

- জ) গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হবেন এবং গ্রাহকদেরকেও নিজ নিজ পেশার ক্ষেত্রে সততা ও নৈতিকতা বাস্তবায়নে উৎসাহিত করবেন।
- ঝ) সার্বিকভাবে অর্থ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সকলকে সঞ্চয়ী আমানত সংগ্রহ জোরদার করার বিষয়ে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে।
- ঞ) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয়ের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা কার্যালয়ের সকল সেকশনে যোগাযোগ রক্ষা করবেন।
- ট) ই-নথি চালু করার জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের সাথে ফোকাল পয়েন্ট কর্মকর্তা যোগাযোগ রক্ষা করবেন।

সভাপতি মহোদয় সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।


২৭/০৬/২০২১
(শিমুল চন্দ্র ভদ্র)


উর্ধ্বতন কর্মকর্তা (প্রশাসন)
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
উপস্থাপনকারী কর্মকর্তা


২৭-০৬-২০২১
(মোঃ তুহীন ইকরাম)


সহকারী মহাব্যবস্থাপক
বৈদেশিক বাণিজ্য শাখা
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
সদস্য-সচিব এবং
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা


২৭/০৬/২০২১
(রৌউফুর রাহিম)

উপ-মহাব্যবস্থাপক
ঋণ শাখা
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
সদস্য।


২৭/০৬/২০২১
(মোহাম্মদ মাইনুল ইসলাম খান)

উপ-মহাব্যবস্থাপক
সাধারণ ব্যাংকিং ও প্রশাসন এবং বৈদেশিক বাণিজ্য শাখা
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
সদস্য।


২৭.০৬.২১
(মীর মোফাজ্জল হোসেন)

মহাব্যবস্থাপক
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
সভাপতি

সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-০১/শুদ্ধাচার কৌশল/২০২০-২০২১/

তারিখ : ২৭.০৬.২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলো :-

১। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (বিকেবির ওয়েবসাইটের NIS Tab এ তথ্য আপলোডকরণের মাধ্যমে)।

২। নথি।